

**“ঐতিহাসিক ৭ই মার্চ জাতীয় দিবস” ২০২৪ উদযাপন উপলক্ষে প্রস্তুতি সভার কার্যবিবরণীঃ**

সভাপতি : মোঃ আব্দুল করিম  
উপজেলা নির্বাহী অফিসার  
দুর্গাপুর, রাজশাহী

স্থান : উপজেলা পরিষদ সভা কক্ষ

তারিখ : ২৯/০২/২০২৪ খ্রি.

সময় : সকাল ১০.০০ টা

(সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা : পরিশিষ্ট “ক” দ্রষ্টব্য)।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি জানান যে, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কর্তৃক ১৯৭১ সালের ৭ মার্চের ভাষণকে ‘ক’ শ্রেণীর দিবস হিসেবে ঘোষণা করে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক গত ১৫ আগস্ট ২০২০ খ্রি. তারিখে পরিপত্র জারি করা হয়েছে। “ঐতিহাসিক ৭ই মার্চ” জাতীয় দিবস উদযাপনের জন্য জেলা প্রশাসক, রাজশাহী মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত গত ২৮ ফেব্রুয়ারি ২০২৪ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্তের আলোকে দুর্গাপুর উপজেলায় কর্মসূচি প্রণয়ন করার জন্য সকলকে অনুরোধ জানান। অতঃপর দিবসটি যথাযোগ্য মর্যাদায় উদযাপনের জন্য সভায় বিস্তারিত আলোচনা অণ্ডে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়। তিনি উপজেলা প্রশাসন কর্তৃক গৃহীত কর্মসূচি পালনে সকলকে সহযোগিতা করার আহবান জানান।

**“ঐতিহাসিক ৭ই মার্চ জাতীয় দিবস” ২০২৪ উদযাপন উপলক্ষে উপজেলা প্রশাসন কর্তৃক গৃহীত কর্মসূচিঃ**

তারিখ	সময়	কর্মসূচি	স্থান	ব্যবস্থাপনায়
০৬ মার্চ ২০২৪	সকাল ১০.০০ ঘটিকা	‘৭ মার্চের বঙ্গবন্ধুর ভাষণ’ প্রতিযোগিতা প্রাথমিক পর্যায় ‘ক’ গ্রুপ মাধ্যমিক পর্যায় ‘খ’ গ্রুপ একাদশ-দ্বাদশ পর্যায় ‘গ’ গ্রুপ	উপজেলা পরিষদ হলরুম	সংশ্লিষ্ট উপ-কমিটি
০৭ মার্চ ২০২৪	সূর্যোদয়ের সময়	জাতীয় পতাকা উত্তোলন	সরকারি, বেসরকারি, আধাসরকারি, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের ভবন ও শিক্ষা প্রতিষ্ঠানসমূহ	সংশ্লিষ্ট কর্তৃপক্ষ/ ভবন মালিক
	সকাল ১০.০০ ঘটিকা	বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ	উপজেলা পরিষদ ভবন গেট	সংশ্লিষ্ট উপ-কমিটি
	সকাল ১০.১৫ ঘটিকা	৭ই মার্চের ভাষণ সম্প্রচার/প্রচার	উপজেলা পরিষদ হলরুম	সংশ্লিষ্ট উপ-কমিটি
	সকাল ১০.৩০ ঘটিকা	‘৭ই মার্চ: স্বাধীনতার জীবনকাঠি’ শীর্ষক আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান	উপজেলা পরিষদ হলরুম	সংশ্লিষ্ট উপ-কমিটি

গৃহীত কর্মসূচি সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষে সভায় নিম্নে বর্ণিত উপ-কমিটি গঠন করা হলো :

**উপদেষ্টা কমিটি**

- ক) মাননীয় সংসদ সদস্য, ৫৬ রাজশাহী-৫ (দুর্গাপুর-পুঠিয়া), রাজশাহী।
- খ) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দুর্গাপুর, রাজশাহী।
- গ) মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দুর্গাপুর, রাজশাহী।
- ঘ) ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দুর্গাপুর, রাজশাহী।
- ঙ) মেয়র, দুর্গাপুর পৌরসভা, দুর্গাপুর, রাজশাহী।

